

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা সংক্রান্ত তৃতীয় প্রান্তিকের অংশীজনের
সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ আজিজুল ইসলাম
অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
তারিখ : ২৫ মে, ২০২১
সময় : বেলা ১২:০০ টা
স্থান : অনলাইন সিস্টেম।
উপস্থিত সদস্য : রেকর্ডেড।


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-৩) মোছাঃ মোর্শেদা ফেরদৌস আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিভিন্ন বিষয় উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন যে, শুদ্ধাচার কর্ম পরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহের মধ্যে প্রকল্প পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম করোনা পরিস্থিতির কারণে কিছুটা বাধাগ্রস্ত হয়েছে। সভাপতি প্রকল্প পরিদর্শনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে এক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সচেতন হওয়ার ওপর গুরুত্বোৎসাহিত করেন।

০২। এছাড়া, শাখা পরিদর্শন, রেকর্ড বিনষ্টকরণ, নথি শ্রেণিবিন্যাসকরণ এবং দপ্তর/সংস্থা কর্তৃক শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতা পরিলক্ষিত হলে তা এ বিভাগে জানানোর বিষয়ে সভায় আলোচনা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ২০২০-২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতা/সীমাবদ্ধতা থাকলে তা লিখিত আকারে এ বিভাগে প্রেরণ করতে হবে;
- শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকায় প্রতিটি প্রকল্প পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদনের অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে;
- শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত অধিশাখা/শাখা পরিদর্শনের লক্ষ্যমাত্রা (তৃতীয় কোয়ার্টারের ১৫টি) অর্জনের নিমিত্ত আগামী ১৫/০৬/২০২১ তারিখের মধ্যে এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক অধিশাখা/শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদনের অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ আজিজুল ইসলাম)
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ